গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিভিল সার্জনের কার্যালয়, ফেনী।
Email-cs@feni.dghs.gov.bd

স্বারক নং-৪৫.৩০০০.০০২.১৮.০০৮.২৫-৮৪০ তারিখঃ ১৫/০৪/২৫ইং।

"পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি"

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়, স্বাস্থ্যসেবা বিভাগ, প্রশাসন-১ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর স্বারক নং-৪৫.০০.০০০০.১৪০.২৫.০০১.২৩-১৭২, তারিখঃ ২৬/০১/২৫ইং মোতাবেক ইতোপূর্বে যারা আবেদন করেছেন তাদের আবেদন বহাল রেখে নতুন করে নিয়োগ বিজ্ঞপ্তি প্রদানের নির্দেশনা এবং স্বারক নং- ৪৫.০০.০০০০.১৪০.১১.০০৬.২৩.৫১, তারিখ ০৯/০১/২৪ইং মোতাবেক জনবল নিয়োগের ছাড়পত্র ও স্বারক নং-স্বা:সে:বি/প্রশা-১/এডি/ ২সি-৩/ ৯৪-৪৮১, তারিখঃ ২০/০২/২৫ইং মোতাবেক ছাড়পত্রের মেয়াদ বৃদ্ধির প্রেক্ষিতে সিভিল সার্জন কার্যালয়, ফেনী ও নিয়ন্ত্রনাধীন বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠান সমূহের রাজস্ব খাতের (১১-২০তম) গ্রেড এর নিম্ন-লিখিত শূণ্য পদ সমূহে জনবল নিয়োগের লক্ষ্যে ফেনী জেলার স্থায়ী বাসিন্দাদের (বাংলাদেশের প্রকৃত নাগরিক) নিকট হতে নিম্ন-বর্ণিত শর্ত সাপেক্ষে **http://csfeni.teletalk.com.bd** ওয়েবসাইটে অন-লাইনে (Online) আবেদন আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	গ্রেড (জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী)	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
০১	পরিসংখ্যানবিদ	গ্রেড-১৪ (১০২০০-২৪৬৮০)	০৫ (পাঁচ) টি	ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান/ গণিত/ অর্থনীতি বিষয়ে অনুন স্নাতক বা সমমানের ডিগ্রি। খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে।	১।শুধুমাত্র ফেনী জেলার স্থায়ী বাসিন্দা গণ আবেদন করতে পারবেন। তবে স্বাস্থ্য সহকারী পদের ক্ষেত্রে সংশ্লিষ্ট সাবেক ওয়ার্ড/ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে। সংশ্লিষ্ট ওয়ার্ডে উপযুক্ত প্রার্থী না পাওয়া গেলে পার্শ্ববর্তী ওয়ার্ড হতে নির্বাচন করা হবে। ২। স্বাস্থ্য সহকারী শূণ্য পদের তালিকা সিভিল সার্জন অফিস, ফেনী ও ফেনী জেলার সকল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর নোটিশ বোর্ডে পাওয়া যাবে।
০২	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০)	০৬ (ছয়) টি	ক) কোন স্বীকৃত বোর্ড হতে এইচএসসি অনুন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ-তে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। খ) কম্পিউটার চালনায় দক্ষতা এবং কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে এম.এস ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট, ডাটা এন্ট্রির কাজে অভিজ্ঞতা থাকতে হবে। গ) টাইপিং এ প্রতি মিনিটে বাংলায় অনুন ২০ শব্দ এবং ইংরেজিতে অনুন ২০ শব্দের গতি থাকতে হবে।	
০৩	গাড়ি চালক	গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০)	০৪ (চার) টি।	ক) কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। খ) বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) কর্তৃক ইস্যুকৃত হালকা গাড়ি চালনার বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। গ) অভিজ্ঞতা সম্পন্ন চালকদের অগ্রাধিকার দেওয়া হবে।	
০৪	স্বাস্থ্য সহকারী	গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০)	৯৯ (নিরানব্বই) টি।	ক) কোন স্বীকৃত বোর্ড হতে অনুন উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।	
০৫	ল্যাবরেটরি এটেনডেন্ট	গ্রেড-১৯ (৮৫০০-২০৫৭০)	০১ (এক) টি।	ক) এসএসসি/ সমমান পরীক্ষা উত্তীর্ণ। খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে।	

শর্তসমূহঃ-

০১. আগ্রহী প্রার্থীগণ **http://csfeni.teletalk.com.bd**ওয়েবসাইটে প্রকাশিত নির্দেশনা মোতাবেক অনলাইন এ আবেদন করতে পারবেন। সরাসরি ডাকযোগে কোন আবেদন গ্রহণ করা হবে না। উল্লেখ্যঃ স্বাস্থ্য অধিদপ্তরের স্বারক নং- স্বাঃ অধিঃ/ প্রশা-২/ ৩য় শ্রেণী নিয়োগ-২/ ২০১৮/৩৫২৭ মুলে ১১/০৬/২০১৮ তারিখে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে যেসব প্রার্থী ইতঃপূর্বে বর্ণিত পদের জন্য আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই। তাদের আবেদন সঠিক থাকলে গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে এবং যোগ্য প্রার্থীদের উক্ত নিয়োগ পরীক্ষায় অংশ গ্রহণের জন্য প্রবেশপত্র ইস্যু করা হবে।

০২. নিয়োগ ও কোটা নির্ধারনের ক্ষেত্রে সরকারের সর্বশেষ সংশোধনী জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং- ০৫.০০.০০০০.১৭০.১১.০১৪.২৪-১৪১- ০৮ শ্রাবন, ১৪৩১/২৩ জুলাই. ২০২৪ খ্রিষ্টাব্দ এর বিধি-বিধান অনুসরণ করা হবে।

০৩. ৩রা অগ্রহায়ণ, বঙ্গাব্দ ,১৮ নভেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখে প্রণিত আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের লিজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ১৮ নভেম্বর, ২৪ এ প্রকাশিত অধ্যাদেশ নং- ১১ অনুযায়ী আবেদনকারীর বয়স ১৫/০৪/২০২৫ ইং তারিখে সর্বনিম্ন ১৮ বছর হতে সর্বোচ্চ ৩২ বছর হতে হবে। বয়স প্রমানের ক্ষেত্রে এফিডেভিট গ্রহনযোগ্য নয়। এসএসসি সনদ/ জাতীয় পরিচয় পত্র/ জন্ম নিবন্ধন সনদেপ্রদত্ত জন্ম তারিখের ভিত্তিতে বয়স প্রমানিত হবে।

০৪। সিভিল সার্জন, ফেনীর স্মারক নং- ৪৫.০১.৩০০০.০০২.১৮.০০০.২৪-৫৮৮, তারিখঃ ০২/০৪/২৪ইং মুলে জারীকৃত নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে যেসব প্রার্থী ইতোঃপূর্বে বর্ণিত পদের জন্য আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই। তাদের আবেদন সঠিক থাকলে গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে এবং তাদের বয়স পূর্বের নিয়োগ বিজ্ঞপ্তির শর্ত অনুযায়ী গণনাযোগ্য হবে এবং যোগ্য প্রার্থীদের উক্ত নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রবেশপত্র ইস্যু করা হবে।

০৫. সরকারি/আধা সরকারি/ স্বায়ত্তশাসিত/ আধা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণকে সরকারি বিধি-বিধান অনুসরণ পূর্বক (নির্ধারিত বয়স সীমার মধ্যে) অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহন পূর্বক নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে এবং সকল চাকুরীরত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্র (NOC) এর মুল কপি বাধ্যতামুলকভাবে জমা দিতে হবে।

০৬. প্রার্থীগণ কর্তৃক আবেদন পত্রে বর্ণিত স্থায়ী ঠিকানা যদি ইতোপূর্বে কোন সার্টিফিকেট বা অন্যত্র বর্ণিত স্থায়ী ঠিকানা হতে ভিন্নতর হয় কিংবা মহিলা প্রার্থীদের ক্ষেত্রে যদি স্বামীর ঠিকানা ব্যবহার করা হয় তবে সেক্ষেত্রে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে জাতীয় পরিচয়পত্র (এনআইডি) উল্লেখ সহ সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র / ওয়ার্ড কমিশনার/ পৌরসভার মেয়র/ কাউন্সিলর/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র দাখিল করতে হবে।

০৭. স্বাস্থ্য সহকারী পদের ক্ষেত্রে প্রার্থীকে যে ওয়ার্ডের (পুরাতন) জন্য আবেদন করবেন সে ওয়ার্ডের (পুরাতন) স্থায়ী বাসিন্দা হতে হবে। একই ইউনিয়নের জন্য ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাগণ ও আবেদন করতে পারবেন। তবে সংশ্লিষ্ট ওয়ার্ডের বাসিন্দা হতে যোগ্য প্রার্থী পাওয়া না গেলে পার্শ্ববর্তী ওয়ার্ডের যোগ্য প্রার্থীদেরকে নির্বাচন করা হবে।

০৮. স্বাস্থ্য সহকারী শূণ্য পদের তালিকা (ওয়ার্ড, ইউনিয়ন,উপজেলা ভিত্তিতে) সিভিল সার্জনের কার্যালয় এবং উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়ের নোটিশ বোর্ডে এবং ওয়েবসাইটে **(www.cs.feni.gov.bd)** পাওয়া যাবে।

০৯. প্রার্থী কর্তৃক যে কোন তথ্য গোপন, অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন প্রকারের প্রতারনা বা দূর্নীতির আশ্রয় গ্রহন করলে পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায় প্রার্থীর পরীক্ষা বা নিয়োগ বাতিল করা সহ প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।

১০. যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা বিয়ে করার জন্য প্রতিশ্রুতি বদ্ধ কিংবা কোন ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক স্বলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্ত শাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষ চাকুরী হতে বরখাস্থ হয়ে থাকেন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

১১. প্রার্থী কেবল মাত্র একটি পদের জন্য আবেদন করতে পারবেন। একাধিক পদের বিপরীতে আবেদন করলে সকল আবেদন বাতিল বলে গণ্য হবে।

১২. কম্পিউটার অপারেটর, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ও গাড়ী চালক পদে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে নিয়োগবিধি মোতাবেক সংশ্লিষ্ট বিষয়ে ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই কেবল মৌখিক পরীক্ষা অংশগ্রহণের জন্য যোগ্য বলে বিবেচিত হবে।

১৩. আবেদন সময়সীমা ও নিয়মাবলী/ শর্তাবলী নিম্নরূপঃ

ক) Online- এ আবেদন ফরমপূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ১৬/০৪/২০২৫ খ্রিঃ সকাল ১০.০০ ঘটিকা হতে ।

খ) Online- এ আবেদন জমাদানের শেষ তারিখ ও সময় ০৬/০৫/২০২৫ ইং বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত।

গ) উক্ত সময়সীমার মধ্যে ইউজার আইডি প্রাপ্ত প্রার্থীগণ) Online- আবেদন সাবমিট এর সময় থেকে ৭২ ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

১৪. Online- এ আবেদন প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ *প্রস্থ ৩০০) Pixel এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ *প্রস্থ ৮০) Pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করতে হবে। ছবির সাইজ সর্বোচ্চ ১০০Kb স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০Kb এর মধ্যে হতে হবে।

১৫. Online-এ আবেদন পত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু অনলাইন আবেদন পত্রপূরণ করার পূবেই পূরনকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

১৬. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদন পত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসাবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষায় এক কপি জমা দিবেন।

১৭. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষা ফি প্রদানঃ

Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID ছবি এবং স্বাক্ষর যুক্ত Applicant's Copy প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copyতে একটিUser IDনম্বর দেওয়া থাকবে এবং পরবর্তীতে User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন টেলিটক প্রি-পেইড মোবাইল নম্বর এর মাধ্যমে ০২ (দুই) টি এসএমএস করে পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং ০১ নং হতে ০৪ নং পর্যন্ত পদের জন্য (১০০/-টাকা ও টেলিটক এর সার্ভিস চার্জ ১২/- টাকা সহ অফেরৎযোগ্য মোট ১১২/- (একশত বারো) টাকা এবং ৫নং পদের জন্য (৫০/- টাকা ও টেলিটক এর সার্ভিস চার্জ ৬/- টাকাসহ অফেরৎ যোগ্য মোট ৫৬/- (ছাপ্পান্ন) অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, Online- এ আবেদন পত্রের সকল অংশপূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online- এ আবেদন কোন অবস্থাতেই গৃহীত হবে না।

১ম এসএমএস:- CSFENI<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে

Example: CSFENI ABCDEF & Send to 16222

Reply sms: Applicant's Name . TK 112/- will be charged as application fee. YourPIN is XXXXXXXXXXX. To pay fee type CSFENI<space>Yes <space>PIN and send to 16222.

২য় এসএমএস:- CSFENI<space>YES<space> PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে

Example: CSFENI YES XXXXXXXXXXX Sent to 16222

Reply SMS: Congratulations Applicant's name, payment completed successfully for CSFENI Application for (post name) user ID is (ABCDEF) & Password (XXXXXXXX)

১৬. প্রবেশ পত্র প্রাপ্তির বিষয়টি **http://csfeni.teletalk.com.bd** অথবা **www.cs.feni.gov.bd** ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে এসএমএস এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথা সময় জানানো হবে। এ আবেদন পত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষনিক সচল রাখা,SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষনিক অনুসরন করা বাঞ্চনীয়।

১৭. SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যু ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশ পত্র প্রার্থী ডাউনলোড পূর্বক প্রিন্ট (রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশ পত্রটি লিখিত পরীক্ষায় অংশ গ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার (প্রযোজ্য ক্ষেত্রে) সময় অবশ্যই প্রদর্শন করবেন।

১৮. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্ন-বর্নিত SMS পদ্ধতি অনুসরন করে নিজ নিজ User ID এবং Password ব্যবহার পুনরুদ্ধার করতে পরবেন।

ক). User ID জানা থাকলেঃ

CSFENI<space>HELP<space> User <space> User ID & Send to 16222
Example: CSFENI HELP User ABCDEF

খ. PIN Number: জানা থাকলে

CSFENI<space>HELP<space> PIN <space>PIN NUMBER and send to16222
Example: CSFENI HELP PIN 12345678.

১৯. অনলাইন এ আবেদন করতে সমস্যা হলে **alljobs.query@teletalk.combd** অথবা টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে যোগাযোগ করা যাবে। এছাড়া বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল ফেসবুক পেইজে **https://www.facebook.com./alljobsbdTeletalk** এ প্রবেশ করে মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। অথবা alljobs. **query@teletalk.com.bd** ই-মেইলে যোগাযোগ করা যাবে। Mail এর Subject এ Organization Name: CSFENI, Post Name, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।

২০. নিয়োগ বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও সিভিল সার্জনের কার্যালয়, ফেনী এর ওয়েবসাইট **(www.cs.feni.gov.bd)** এবং QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল **http://alljobs.teletalk.com.bd/csfeni** ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ ও সময় ও অন্যান্য তথ্য সিভিল সার্জনের কার্যালয়, ফেনী এর নোটিশ বোর্ডের মাধ্যমে অথবা ওয়েবসাইটে (www.cs.feni.gov.bd) জানা যাবে।

২১. প্রাথমিক ভাবে যাচাইকৃত প্রার্থীদের কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক লিখিত, ব্যবহারিক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) এবং মৌখিক পরীক্ষায় আলাদাভাবে উত্তীর্ণ হতে হবে। কেবলমাত্র মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজ পত্র সমূহের মুল কপি বাধ্যতামুলক ভাবে প্রদর্শন করতে হবে এবং এক সেট সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে। সকল সত্যায়ন/ প্রত্যয়ন সরকারি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (নাম ও পদবী উল্লেখ সহ) কর্তৃক সম্পাদিত হতে হবে।

২২. মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত সনদ/ প্রয়োজনীয় কাগজ পত্রের মুলকপি সঙ্গে আনতে হবে।

ক) সকল শিক্ষাগত যোগ্যতার মুল সনদপত্র/ সাময়িক সনদপত্র/ প্রত্যয়নপত্র/ অনুমতিপত্র/ অভিজ্ঞতার সনদপত্র ইত্যাদি ।

খ) চাকুরীর আবেদন ফরমে উল্লিখিত স্থায়ী ঠিকানা, নিজ জেলা ও জাতীয়তা সমর্থনে জাতীয় পরিচয়পত্র / জন্ম নিবন্ধন এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান / পৌরসভার মেয়র / সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার / কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত (নিজ জেলা ও সংশ্লিষ্ট ইউনিয়নের পুরাতন ওয়ার্ড উল্লেখ করত:) জাতীয়তা ইত্যাদি সনদপত্র।

গ) আবেদনকারীর পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙিন সত্যায়িত ছবি।

ঘ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী (বীর মুক্তিযোদ্ধা/ শহিদ মুক্তিযোদ্ধা/ বীরাঙ্গানার পুত্র -কন্যা) প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদপত্র / প্রমাণক। আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা / শহিদ মুক্তিযোদ্ধা / বীরাঙ্গানার পুত্র কন্যা হলে আবেদনের সাথে সম্পর্ক উল্লেখ পূর্বক সংশ্লিষ্ট পৌরসভার মেয়র / ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।

ঙ) ক্ষুদ্র -নৃ-গোষ্ঠী (উপজাতি) কোটাভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্র।

চ) শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ প্রার্থীদের ক্ষেত্রে জেলা সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক/ দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক প্রদত্ত সনদ পত্র।

ছ) প্রযোজ্য ক্ষেত্রে সরকারি/ সরকার কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান হতে কম্পিউটার দক্ষতার প্রমাণ স্বরুপ সনদপত্র।

জ) ডাউনলোডকৃত Applicant's Copy এবং Admit Card এর রঙিন প্রিন্ট কপি।

ঝ) গাড়ী চালক পদের ক্ষেত্রে হালকা যানবাহন চালনার হালনাগাদ বৈধ ডিজিটাল ড্রাইভিং লাইসেন্সের মুলকপি।

২৩. প্রার্থীকে লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন দৈনিক ভাতা ও যাতায়াত ভাতা দেয়া হবে না।

২৪. কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/ বৃদ্ধি এবং বিজ্ঞপ্তিতে বর্ণিত যে কোন শর্ত অনুচ্ছেদ সংশোধন/ পরিবর্তন/ পরিমার্জন ও নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। অনলাইন আবেদন ও নিয়োগ বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন প্রকার আপত্তি উত্থাপন করা যাবে না।

২৫.সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট এবং সিভিল সার্জনের স্বাস্থ্যগত প্রত্যয়ন চাকুরীতে নিয়োগের অন্যতম প্রধান শর্ত হিসেবে বিবেচিত হবে। এছাড়া নিয়োগের পূর্বে ডোপটেষ্ট করা হবে। ডোপটেষ্টে কাউকে মাদকাসক্ত পাওয়া গেলে তার নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

২৬.যে কোন তদবির কিংবা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচনা করা হবে।

২৭. লিখিত, মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষার ফলাফল এবং নিয়োগ সংক্রান্ত সকল তথ্য সিভিল সার্জনের কার্য়ালয়ের নোটিশ বোর্ড এবং ওয়েব সাইটে (www.cs.feni.gov.bd) পাওয়া যাবে।

২৮. ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদন পত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষনা দিতে হইবে যে, প্রার্থী কর্তৃক আবেদন পত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারনা বা দূর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোন পর্য়ায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে অনলাইনে আবেদন পূরণ ও আবেদন করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

15.05.2025

সিভিল সার্জন, ফেনী ও সদস্য সচিব
৩য় ও ৪র্থ শ্রেণীর জনবল নিয়োগ কমিটি, ফেনী।

স্মারকনং-৪৫.০১.৩০০০.০০২.১৮.২৬১.২৫-৮৪০/১৪ তারিখঃ ১৫ /০৪/২৫ইং।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থার জন্য প্রেরণ করা হইল (জেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সচিব, স্বাস্থ্য সেবা বিবাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢকা (দৃষ্টি আকর্ষণ-উপ-সচিব, প্রশাসন-১ শাখা)।
০২। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (দৃষ্টি আকর্ষণ- সহকারী পরিচালক, সমন্বয়)।
০৩। পরিচালক (প্রশাসন)/ অর্থ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
০৪। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৫। উপ-সচিব, (প্রশাসনস-১ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মনস্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। জেলা প্রশাসক, ফেনী।
০৭। পুলিশ সুপার, ফেনী।
০৮। উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা, ফেনী।
০৯। নির্বাহী প্রকৌশলী/ গণপুর্ত বিভাগ/এলজিইডি/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/পানি উন্নয়ন বোর্ড/বিটিসিএল,ফেনী।
১০ জেলা তথ্য কর্মকর্তা, ফেনী।
১১। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, ... (সকল), ফেনী।
১২। সম্পাদক .... জাতীয়/স্থানীয় দৈনিক পত্রিকা, ফেনী।
১৩। নোটিশ বোর্ড, অত্র-কার্য়ালয়।
১৪। অফিন নথি।

১৫.০৪.২০২৫

সিভিল সার্জন, ফেনী ও সদস্য সচিব
৩য় ও ৪র্থ শ্রেণীর জনবল নিয়োগ কমিটি, ফেনী।